# পল্লী উন্নয়ন ও সমবায় উপজেলা কমিটির সেপ্টেম্বর ২০২৫ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ কামরুজ্জামান সরকার
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, খানসামা, দিনাজপুর।
তারিখ : ১৭/০৯/২০২৫ খ্রি.
সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-'ক'

আলোচ্য বিষয়:
১। পল্লী উন্নয়ন ও সমাবয় বিষয়ক আলোচনা।
২। বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী মতামত/বক্তব্য প্রদানের জন্য তিনি এ সভার সদস্য সচিবকে অনুরোধ জানান।

সদস্য সচিব ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) গঠিত সমিতির সদস্যদের আর্থিকভাবে স্বাবলম্বী করতে মূলত সমবায় সমিতি ও পল্লী উন্নয়ন দলের মাধ্যমে প্রশিক্ষণ, পুঁজি গঠন, ঋণ প্রদান, আত্নকর্মসংস্থান সৃষ্টি, দক্ষতা উন্নয়ন এবং আয়বর্ধক কার্যক্রমের ওপর জোর দেয়। যার মূল লক্ষ্য হলো গ্রামীণ দারিদ্র হ্রাস ও নারীর ক্ষমতায়ন নিশ্চিত করা। তিনি বলেন যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের প্রধান কৌশল হলো গ্রামীণ জনগোষ্ঠীকে সংগঠিত করে তাদের অর্থনৈতিকভাবে টেকসই করে তোলা, যা তাদের জীবনযাত্রার মান উন্নয়নে সহায়তা করে।

সদস্য সচিব ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় আরও জানান যে, সদাবিক প্রকল্প হতে ৭,৬৩,০০০/- টাকা ২০ জন সদস্যের মাঝে ঋণ বিতরণ করা হয়েছে এবং পল্লী উদ্যোক্তা ঋণ তহবিল হতে ০৫ জন মহিলা সদস্যাকে গাভী পালনের জন্য ৫,০০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। পল্লী প্রগতি কর্মসূচি হতে ২,৭৩,০০০/- টাকা ০৮ জন সদস্যের মাঝে ঋণ বিতরণ করা হয়েছে। গুচ্ছগ্রাম প্রকল্প হতে ৫,৩০,০০০/- টাকা ২৬ জন সদস্যের মাঝে ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়াও আবর্তক (কৃষি) তহবিল হতে ৮,৬৫,০০০/- টাকা ২৮ জন সদস্যের মাঝে ঋণ বিতরণ করা হয়েছে।

সদস্য সচিব ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় আরও জানান যে, বিআরডিবি'র আওতায় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

বিবিধ আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৯/২৫

(মোঃ কামরুজ্জামান সরকার)
সভাপতি
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ উপজেলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
খানসামা, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
খানসামা, দিনাজপুর।

স্মারক নং : ৪৭.৬২.২৭৬০.০০৩.০১৮.১৩.২৫-২০৫ তারিখ : ১৭/০৯/২০২৫ খ্রি.

০১। উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
০২। চেয়ারম্যান,..........নং....................................ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর।
০৩। জনাব/বেগম............................................................সম্মানিত সদস্য, খানসামা, দিনাজপুর।
০৪। সংশ্লিষ্ট নথি।

(মোঃ রেজাউল করিম)
সদস্য সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় উপজেলা কমিটি
ও
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
খানসামা, দিনাজপুর।

পরিশিষ্ট "ক"

তারিখ-১৭/০৯/২০২৫ খ্রি.

| ক্রমিক নং | কর্মকর্তা/সদস্যগনের নাম ও পদবী | সভায় পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ কামরুজ্জামান সরকার, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর। | সভাপতি | |
| ০২ | মোঃ খলিলুর রহমান, চেয়ারম্যান, ১নং আলোকঝাড়ী ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৩ | গোলাম মোস্তফা, চেয়ারম্যান, ৩নং আংগারপাড়া ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৪ | মোঃ সাখাওয়াত হোসেন, চেয়ারম্যান, ৬নং গোয়ালডিহি ইউনিয়ন পরিষদ, খানসামা, দিনাজপুর। | সদস্য | |
| ০৫ | জনাব কল্যানী রানী, অঞ্চল সমন্বয়ক, নিজেরা করি। | সদস্য (কো-অপ্ট) | |
| ০৬ | জনাব মোঃ সাঈদ আহমেদ সেলিম বুলবুল, বিশিষ্ট ব্যক্তি, টংগুয়া, খানসামা, দিনাজপুর। | সদস্য (কো-অপ্ট) | |
| ০৭ | মোঃ রেজাউল করিম, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, খানসামা, দিনাজপুর- | সদস্য-সচিব | |